যুগান্তর

8 FEB 2017
পৃষ্ঠা ৬

এসএসসি ও সমমান পরীক্ষা

# তৃতীয় দিনে ৪ শিক্ষকসহ ২৪৬ জন বহিষ্কার অনুপস্থিত ৯৪৫১

যুগান্তর রিপোর্ট

তৃতীয় দিন মঙ্গলবার এসএসসিতে ইংরেজি প্রথমপত্র, দাখিলে ইংরেজি দ্বিতীয়পত্র এবং এসএসসি ভোকেশনালে গণিত বিষয়ের পরীক্ষা ছিল। সারা দেশে এদিন ৪ শিক্ষক ও ২৪২ শিক্ষার্থী বহিষ্কার হয়েছে। তাঁদের মধ্যে এসএসসিতে সর্বাধিক ৯২ জন। মাদ্রাসা ও কারিগরি বোর্ডে আছে ৭৫ জন করে। বহিষ্কৃত চার শিক্ষকের মধ্যে একজন ঢাকা শিক্ষা বোর্ডের। বাকি তিনজন কারিগরি বোর্ডের অধীন শিক্ষক। এদিন সারা দেশে ১৬ লাখ ৭৪ হাজার ৫৫৬ জনের পরীক্ষা দেয়ার কথা ছিল। কিন্তু অংশ নিয়েছে ১৬ লাখ ৬৫ হাজার ১০৫ জন। সে হিসাবে ৯ হাজার ৪৫১ জন পরীক্ষায় অনুপস্থিত ছিল।

**প্রশ্নপত্র ফাঁসের গুজব :** এসএসসি ও সমমানের পরীক্ষা ঘিরে গত কয়েক দিন ধরে প্রশ্নফাঁসের গুজব চলছে। একটি সংঘবদ্ধ চক্র ফেসবুক, অনলাইনসহ বিভিন্ন সামাজিক যোগাযোগের মাধ্যমে কথিত প্রশ্ন ছড়িয়ে দিচ্ছে। এছাড়া কিছু কোচিং সেন্টার ও একশ্রেণীর কোচিংবাজ শিক্ষক প্রশ্নপত্রের নামে গুজব ছড়িয়ে শিক্ষার্থীদের কাছ থেকে অর্থ হাতিয়ে নিচ্ছেন। এই অসাধু চক্রটি মঙ্গলবার পর্যন্ত দু'দিন গুজবের ফাঁদ পাতে। এরমধ্যে রোববারের কথিত প্রশ্ন থেকে কয়েকটি পরীক্ষায় এসেছে বলে দাবি করছে শিক্ষার্থীরা। তবে মঙ্গলবারের কথিত প্রশ্নপত্র থেকে কোনো প্রশ্নই পরীক্ষায় আসেনি।

এ চক্রে মনিপুর উচ্চ বিদ্যালয়, ভিকারুননিসা, আইডিয়ালসহ রাজধানীর বড় বড় কয়েকটি স্কুলের কিছু কোচিংবাজ শিক্ষক জড়িত আছেন বলে অভিযোগ পেয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। এ অবস্থায় কথিত প্রশ্নপত্র বেচাকেনা ও অনলাইনে ছড়ানোর ঘটনায় আরও কিছু ব্যক্তি জড়িত। ঢাকা বোর্ডের সুপারিশের পরিপ্রেক্ষিতে এ দুই অংশের বিরুদ্ধে অ্যাকশন নেয়ার উদ্যোগ নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।